# সূচিপত্র


| ক্র. নং | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| i. | প্রাথমিক মূল্যায়ন | ১ |
| ii. | বিগত বছরের বিসিএস প্রিলিমিনারি পরীক্ষার প্রশ্ন বিশ্লেষণ | ৫ |
| | **১ম অধ্যায়: বিশ্বের সাম্প্রতিক ও চলমান ঘটনাপ্রবাহ** | |
| ০১ | ১.১ বৈশ্বিক সাম্প্রতিক ঘটনাপ্রবাহ | ৬ |
| | **২য় অধ্যায়: বৈশ্বিক ইতিহাস, আঞ্চলিক ও আন্তর্জাতিক ব্যবস্থা, ভূ-রাজনীতি** | |
| | **২.১ বিশ্ব সভ্যতা, ভাষা, জাতি ও উপজাতি** | |
| ০২ | ২.১(ক) বিশ্ব সভ্যতা | ১৯ |
| ০৩ | ২.১(খ) ভাষা, জাতি ও উপজাতি | ২৫ |
| | **২.২ এশিয়া মহাদেশ** | |
| ০৪ | ২.২(ক) দক্ষিণ এশিয়া | ৩০ |
| ০৫ | ২.২(খ) দক্ষিণ-পূর্ব এশিয়া | ৪৫ |
| ০৬ | ২.২(গ) পূর্ব এশিয়া (দূরপ্রাচ্য) | ৫৪ |
| ০৭ | ২.২(ঘ) পশ্চিম এশিয়া | ৬২ |
| ০৮ | ২.২(ঙ) মধ্য এশিয়া | ৭৫ |
| | **২.৩ ইউরোপ মহাদেশ** | |
| ০৯ | ২.৩(ক) পশ্চিম ইউরোপ | ৭৮ |
| ১০ | ২.৩(খ) পূর্ব ইউরোপ | ৮৫ |
| ১১ | ২.৩(গ) উত্তর ইউরোপ | ৯০ |
| ১২ | ২.৩(ঘ) মধ্য ইউরোপ | ৯৩ |
| ১৩ | ২.৩(ঙ) দক্ষিণ ইউরোপ | ৯৮ |
| | **২.৪ উত্তর আমেরিকা মহাদেশ** | |
| ১৪ | ২.৪(ক) উত্তর আমেরিকা | ১০৫ |
| ১৫ | ২.৪(খ) মধ্য আমেরিকা | ১১৩ |
| | **২.৫ দক্ষিণ আমেরিকা মহাদেশ** | |
| ১৬ | ২.৫(ক) দক্ষিণ আমেরিকা মহাদেশের দেশসমূহ | ১১৬ |
| | **২.৬ আফ্রিকা মহাদেশ** | |
| ১৭ | ২.৬(ক) আফ্রিকার দক্ষিণাংশের দেশসমূহ | ১২১ |
| ১৮ | ২.৬(খ) উত্তর আফ্রিকা | ১২৪ |
| ১৯ | ২.৬(গ) পূর্ব আফ্রিকা | ১২৭ |
| ২০ | ২.৬(ঘ) মধ্য আফ্রিকা | ১২৯ |
| ২১ | ২.৬(ঙ) পশ্চিম আফ্রিকা | ১৩০ |
| | **২.৭ ওশেনিয়া মহাদেশ** | |
| ২২ | ২.৭(ক) ওশেনিয়া মহাদেশের দেশসমূহ | ১৩২ |
| ২৩ | ২.৭(খ) পলিনেশিয়া, মেলানেশিয়া ও মাইক্রোনেশিয়া অঞ্চল | ১৩৪ |
| | **২.৮ অ্যান্টার্কটিকা মহাদেশ** | |
| ২৪ | অ্যান্টার্কটিকা মহাদেশের মানচিত্র ও তথ্যসমূহ | ১৩৬ |
| | **২.৯ ভৌগোলিক পরিচিতি** | |
| ২৫ | ২.৯(ক) বিভিন্ন দেশের পুরাতন, পরিবর্তিত ও ভৌগোলিক উপনাম | ১৩৮ |
| ২৬ | ২.৯(খ) মহাসাগর, সাগর, উপসাগর ও সমুদ্রবন্দর | ১৪১ |
| ২৭ | ২.৯(গ) বিশ্বের বিভিন্ন নদীসমূহ ও নদী তীরবর্তী শহর | ১৪৫ |
| ২৮ | ২.৯(ঘ) ভৌগোলিক সীমারেখা, প্রণালি, খাল, চ্যানেল ও অন্তরীপ | ১৪৭ |
| ২৯ | ২.৯(ঙ) বিশ্বের উল্লেখযোগ্য দ্বীপ, উপদ্বীপ ও হ্রদ | ১৫৩ |
| ৩০ | ২.৯(চ) বিশ্বের ভূমিরূপ ও জলপ্রপাত | ১৫৭ |
| ৩১ | ২.৯(ছ) বিখ্যাত স্কয়ার, ট্রায়াঙ্গেল ও সার্কেল | ১৫৯ |
| ৩২ | ২.৯(জ) বিশেষায়িত রাষ্ট্র | ১৬০ |
| | **৩য় অধ্যায়: আন্তর্জাতিক সংগঠনসমূহ এবং বৈশ্বিক অর্থনৈতিক প্রতিষ্ঠানাদি** | |
| | **৩.১ আন্তর্জাতিক সংগঠন** | |
| ৩৩ | ৩.১(ক) জাতিপুঞ্জ ও জাতিসংঘ | ১৬২ |
| ৩৪ | ৩.১(খ) জাতিসংঘের অঙ্গসংগঠন | ১৬৭ |
| ৩৫ | ৩.১(গ) জাতিসংঘের মহাসচিব | ১৭১ |
| ৩৬ | ৩.১(ঘ) জাতিসংঘের সংস্থা | ১৭৩ |
| ৩৭ | ৩.১(ঙ) MDG, SDG, জাতিসংঘ শীর্ষ সম্মেলন ও শান্তিরক্ষা মিশন | ১৮০ |
| | **৩.২ বৈশ্বিক অর্থনৈতিক প্রতিষ্ঠান ও জোট** | |
| | **৩.২(ক) অর্থনৈতিক প্রতিষ্ঠান** | |
| ৩৮ | World Bank | ১৮৬ |
| ৩৯ | IMF | ১৮৭ |
| ৪০ | ADB ও IsDB | ১৮৭ |
| ৪১ | NDB GATT and WTO | ১৮৮ |
| ৪২ | অন্যান্য অর্থনৈতিক প্রতিষ্ঠান (ECB, WEF, BIS ও AIIB) | ১৮৮ |
| | **৩.২(খ) দেশভিত্তিক মুদ্রার নাম** | |
| ৪৩ | এক নজরে বিভিন্ন মুদ্রা | ১৯১ |
| | **৩.২(গ) অর্থনৈতিক জোট** | |
| ৪৪ | EU (ইউরোপীয় ইউনিয়ন) | ১৯৪ |
| ৪৫ | D-8 | ১৯৪ |
| ৪৬ | G-7 ও G-20 | ১৯৫ |
| ৪৭ | BRICS | ১৯৫ |
| ৪৮ | OPEC | ১৯৫ |
| ৪৯ | অন্যান্য অর্থনৈতিক জোট (ECO, EFTA ও BENELUX) | ১৯৬ |

# সূচিপত্র


| ক্র. নং | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| | **৩.৩ বৈশ্বিক আঞ্চলিক সংস্থা, রাজনৈতিক সংগঠন ও কৃষি সংস্থা** | |
| | **৩.৩(ক) বৈশ্বিক আঞ্চলিক সংস্থা** | |
| ৫০ | SAARC | ২০০ |
| ৫১ | ASEAN | ২০১ |
| ৫২ | APEC | ২০২ |
| ৫৩ | BIMSTEC | ২০২ |
| ৫৪ | CIRDAP | ২০২ |
| ৫৫ | G-77 | ২০২ |
| ৫৬ | অন্যান্য আঞ্চলিক সংস্থা | ২০৩ |
| | **৩.৩(খ) আন্তর্জাতিক রাজনৈতিক সংগঠন** | |
| ৫৭ | NAM | ২০৬ |
| ৫৮ | Commonwealth of Nations | ২০৭ |
| ৫৯ | আরব লীগ | ২০৭ |
| ৬০ | OIC, GCC | ২০৮ |
| ৬১ | AU, SCO ও CIS | ২০৯ |
| ৬২ | অন্যান্য আন্তর্জাতিক রাজনৈতিক সংগঠন | ২০৯ |
| | **৩.৩(গ) আন্তর্জাতিক কৃষি সংস্থা** | |
| ৬৩ | IJO & IJSG, IRRI, CIMMYT, CIP, ICRISAT | ২১২ |
| | **৩.৪ আন্তর্জাতিক সেবা ও মানবাধিকার সংস্থা** | |
| | **৩.৪(ক) আন্তর্জাতিক সেবা সংস্থা** | |
| ৬৪ | Red Cross | ২১৪ |
| ৬৫ | রোটারি ইন্টারন্যাশনাল | ২১৫ |
| ৬৬ | অক্সফাম (OXFAM) | ২১৫ |
| ৬৭ | অন্যান্য সেবা সংস্থা (CARE, USAID, অরবিস, SCOUT, SOS, লায়ন্স ক্লাব ) | ২১৫ |
| | **৩.৪(খ) আন্তর্জাতিক মানবাধিকার সংস্থা** | |
| ৬৮ | Amnesty International | ২১৭ |
| ৬৯ | TI (ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল) | ২১৭ |
| ৭০ | হিউম্যান রাইটস ওয়াচ (Human Rights Watch) | ২১৭ |
| | **৪র্থ অধ্যায়: আন্তর্জাতিক নিরাপত্তা ও আন্তঃরাষ্ট্রীয় ক্ষমতা সম্পর্ক** | |
| | **৪.১ আন্তর্জাতিক পুলিশ, গোয়েন্দা ও গেরিলা সংস্থা** | |
| ৭১ | ৪.১(ক) আন্তর্জাতিক পুলিশ সংস্থা | ২১৯ |
| ৭২ | ৪.১(খ) আন্তর্জাতিক গোয়েন্দা সংস্থা | ২১৯ |
| ৭৩ | ৪.১(গ) আন্তর্জাতিক গেরিলা সংস্থা | ২২১ |
| | **৪.২ বিশ্ব রাজনীতি, ভূ-রাজনীতি, আন্তঃরাষ্ট্রীয় সংঘাত ও চুক্তি** | |
| ৭৪ | ৪.২(ক) বিশ্ব রাজনীতি, ভূ-রাজনীতি ও যুদ্ধ | ২২৪ |
| ৭৫ | ৪.২(খ) বিভিন্ন বিপ্লব | ২৩৫ |
| ৭৬ | ৪.২(গ) গুরুত্বপূর্ণ চুক্তি ও সনদ | ২৩৭ |
| | **৪.৩ আন্তঃরাষ্ট্রীয় নিরাপত্তা, সামরিক জোট, নিরস্ত্রীকরণ চুক্তি ও মতবাদ** | |
| | **৪.৩(ক) আন্তঃরাষ্ট্রীয় নিরাপত্তা** | |
| ৭৭ | আন্তর্জাতিক সম্পর্ক | ২৪৫ |
| ৭৮ | আন্তর্জাতিক নিরাপত্তা ও নিরস্ত্রীকরণ | ২৪৫ |
| ৭৯ | যৌথ নিরাপত্তা ব্যবস্থা, শক্তিসাম্য ব্যবস্থা | ২৪৬ |
| | **৪.৩(খ) সামরিক জোট** | |
| ৮০ | ন্যাটো (NATO) | ২৪৭ |
| ৮১ | ওয়ারশ ও আনজুস | ২৪৭ |
| ৮২ | কোয়াড, অকাস, সিয়েটো, সেন্টো | ২৪৮ |
| | **৪.৩(গ) অস্ত্র নিয়ন্ত্রণ ও নিরস্ত্রীকরণ চুক্তি** | |
| ৮৩ | অস্ত্র নিয়ন্ত্রণ সংস্থা (IAEA, OPCW) | ২৫০ |
| ৮৪ | নিরস্ত্রীকরণ চুক্তিসমূহ | ২৫১ |
| | **৪.৩(ঘ) মতবাদসমূহ** | |
| ৮৫ | বাস্তববাদ, উদারতাবাদ, সামন্তবাদ, ডমিনো তত্ত্ব, সংঘর্ষ তত্ত্ব | ২৫৬ |
| ৮৬ | জিরো সাম গেম, ক্রীড়াতত্ত্ব | ২৫৭ |
| ৮৭ | অন্যান্য মতবাদসমূহ | ২৫৭ |
| | **৫ম অধ্যায়: আন্তর্জাতিক পরিবেশগত ইস্যু ও কূটনীতি** | |
| ৮৮ | ৫.১ পরিবেশ, বাস্তুসংস্থান, জলবায়ু ও বৈশ্বিক উষ্ণায়ন | ২৬০ |
| ৮৯ | ৫.২ পরিবেশ বিষয়ক সংস্থা | ২৬৩ |
| ৯০ | ৫.৩ পরিবেশ বিষয়ক সম্মেলন | ২৬৮ |
| ৯১ | ৫.৪ পরিবেশ বিষয়ক প্রটোকল ও কনভেনশন | ২৭০ |
| ৯২ | ৫.৬ পরিবেশ সংক্রান্ত দিবস | ২৭৪ |
| | **৬ষ্ঠ অধ্যায়: বিবিধ বিষয়াবলি** | |
| ৯৩ | ৬.১ খেলাধুলা | ২৭৫ |
| ৯৪ | ৬.২ নোবেল পুরস্কার | ২৮০ |
| ৯৫ | ৬.৩ গুরুত্বপূর্ণ দিবসসমূহ | ২৮৩ |
| ৯৬ | ৬.৪ গুরুত্বপূর্ণ গ্রন্থসমূহ | ২৮৪ |
| ৯৭ | ৬.৫ বিমানবন্দর, বিমান সংস্থা, সংবাদপত্র ও সংবাদ সংস্থা | ২৮৬ |
| ৯৮ | ৬.৬ বিশ্বমঞ্চে নারী | ২৮৭ |
| iii. | **মডেল টেস্ট (১-৫)** | ২৮৯ |

# অধ্যায় ০৩ আন্তর্জাতিক সংগঠনসমূহ এবং বৈশ্বিক অর্থনৈতিক প্রতিষ্ঠানাদি

## ৩.১ আন্তর্জাতিক সংগঠন

বিগত বিসিএস প্রিলিমিনারি প্রশ্নের আলোকে এই অধ্যায়ের গুরুত্বপূর্ণ টপিকসমূহ

| পরিচ্ছেদ | টপিক | গুরুত্ব | বিসিএস পরীক্ষা |
|---|---|---|---|
| ৩.১ (ক) | জাতিপুঞ্জ ও জাতিসংঘ | ✪✪✪ | ৪১, ৩৮, ৩৭, ৩৬ ও ২৯তম বিসিএস |
| ৩.১ (খ) | জাতিসংঘের অঙ্গসংগঠন | ✪✪✪ | ৪৬, ৪৪, ৪১, ৩৪, ২৭ ও ২৩তম বিসিএস |
| ৩.১ (গ) | জাতিসংঘের মহাসচিব | ✪✪ | ২৬, ২৫ ও ১৮তম বিসিএস |
| ৩.১ (ঘ) | জাতিসংঘের সংস্থা | ✪✪✪ | ৪৬, ৪৩, ৪২, ৪১, ৪০, ৩৮, ৩৭, ৩৬ ও ৩৫তম বিসিএস |
| ৩.১ (ঙ) | MDG, SDG, শীর্ষ সম্মেলন ও শান্তি রক্ষা মিশন | ✪✪✪ | ৪৬, ৪৪, ৪০, ৪২, ৪০ ও ৩৬তম বিসিএস |

### ৩.১ (ক) জাতিপুঞ্জ ও জাতিসংঘ

#### বিগত বছরের BCS প্রিলি পরীক্ষার প্রশ্ন

০১। জাতিসংঘ নামকরণ করেন- [৪১তম বিসিএস]
(ক) রুজভেল্ট (খ) স্টালিন (গ) চার্চিল (ঘ) দ্যা গল

০২। প্রেসিডেন্ট উইড্রো উইলসনের 14 points এ কত নম্বর point এ জাতিপুঞ্জের সৃষ্টির কথা উল্লেখ করা হয়েছে? [৩৬তম বিসিএস]
(ক) ৯ (খ) ১২ (গ) ১৩ (ঘ) ১৪

০৩। ১৯৯৫ সালটিকে কোন সংস্থাটির গোল্ডেন জুবিলি হিসেবে পালিত হচ্ছে? [৩৮তম বিসিএস]
(ক) UNO (খ) NAM (গ) GATT (ঘ) ASEAN

০৪। জাতিসংঘের স্থায়ী সদস্য- [৩৭তম বিসিএস]
(ক) জাপান, জার্মানি, ফ্রান্স, ব্রিটেন, কানাডা, যুক্তরাষ্ট্র
(খ) ফ্রান্স, রাশিয়া, যুক্তরাষ্ট্র, ব্রিটেন, চীন
(গ) যুক্তরাষ্ট্র, জার্মানি, ব্রিটেন, ব্রাজিল, চীন, নাইজেরিয়া
(ঘ) উত্তর কোরিয়া, পাকিস্তান, ভারত, ইসরাইল, চীন

০৫। কয়টি দেশ নিয়ে জাতিসংঘ শুরু হয়েছিল? [৩৬তম ও ২১তম বিসিএস]
(ক) ৪৮টি (খ) ৫০টি (গ) ৫১টি (ঘ) ৬০টি

০৬। Yalta Conference-এর একটি লক্ষ্য ছিল- [৩৬তম বিসিএস]
(ক) বিশ্বযুদ্ধের কারণ নির্ণয়
(খ) জিব্রাল্টার প্রণালির সুরক্ষা
(গ) জাতিসংঘ প্রতিষ্ঠা
(ঘ) যুদ্ধে ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ প্রদান

০৭। জাতিসংঘের সদর দপ্তর কোথায় অবস্থিত ? [২৯তম ও ১৯তম বিসিএস]
(ক) লন্ডন (খ) নিউইয়র্ক (গ) প্যারিস (ঘ) মস্কো

০৮। আটলান্টিক সনদে যুক্তরাষ্ট্র এবং ব্রিটেনের পক্ষে স্বাক্ষর করেন কে কে? [২৬তম বিসিএস]
(ক) রোনাল্ড রিগ্যান ও মার্গারেট থেচার
(খ) জর্জ ডব্লিউ বুশ ও টনি ব্লেয়ার
(গ) জিমি কার্টার ও রানী দ্বিতীয় এলিজাবেথ
(ঘ) ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট ও উইনস্টন চার্চিল

০৯। জাতিসংঘ সনদ স্বাক্ষর সম্মেলনে উপস্থিত না থেকেও কোন রাষ্ট্র প্রতিষ্ঠাতা সদস্য হিসেবে পরিগণিত হয়? [২৪তম বিসিএস (বাতিল)]
(ক) হাঙ্গেরি (খ) জার্মানি (গ) পোল্যান্ড (ঘ) ব্রিটেন

১০। সুইজারল্যান্ড আনুষ্ঠানিকভাবে কখন জাতিসংঘের সদস্য হয়? [২৪তম বিসিএস (বাতিল)]
(ক) ৩০ আগস্ট, ২০০২
(খ) ৭ সেপ্টেম্বর, ২০০২
(গ) ১০ সেপ্টেম্বর, ২০০২
(ঘ) ১৫ সেপ্টেম্বর, ২০০২

১১। জাতিসংঘের বর্তমান সদস্য সংখ্যা কত? [২২তম ও ১০তম বিসিএস]

(ক) ১৯৫ (খ) ১৮৯ (গ) ১৭০ (ঘ) ১৭৫

[ব্যাখ্যা: জাতিসংঘের বর্তমান সদস্য সংখ্যা ১৯৩। সর্বশেষ সদস্য হয় দক্ষিণ সুদান ২০১১ সালে।]

১২। জাতিসংঘ কোন বছর প্রতিষ্ঠিত হয়? [২১তম বিসিএস]

(ক) ১৯৪১ সালে (খ) ১৯৪৫ সালে (গ) ১৯৪৮ সালে (ঘ) ১৯৪৯ সালে

১৩। ইয়াল্টা কনফারেন্স কবে অনুষ্ঠিত হয়? [১৬তম বিসিএস]

(ক) ১৯৩৩ সালে (খ) ১৯৪৩ সালে (গ) ১৯৪৫ সালে (ঘ) ১৯৪৭ সালে

১৪। জাতিসংঘ দিবস কোন তারিখে পালিত হয়? [১৩তম ও ১১তম বিসিএস]

(ক) ২৪ অক্টোবর (খ) ১ সেপ্টেম্বর (গ) ১৪ অক্টোবর (ঘ) ১৫ সেপ্টেম্বর

| উত্তরমালা | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ক | ০২ | ঘ | ০৩ | ক | ০৪ | খ | ০৫ | গ | ০৬ | গ | ০৭ | খ | ০৮ | ঘ | ০৯ | গ | ১০ | গ |
| ১১ | - | ১২ | খ | ১৩ | গ | ১৪ | ক | | | | | | | | | | | | |

## জাতিপুঞ্জ

| | |
|---|---|
| প্রস্তাবক | উড্রো উইলসন |
| প্রতিষ্ঠা | ২৮ জুন, ১৯১৯ |
| কার্যক্রম শুরু | ১০ জানুয়ারি, ১৯২০ |
| প্রতিষ্ঠা হয় | ২য় ভার্সাই চুক্তির মাধ্যমে |
| সদর দপ্তর | জেনেভা |
| স্থায়ী সদস্য | ৪টি দেশ (ব্রিটেন, জাপান, ইতালি, ফ্রান্স) |
| বিলুপ্ত | ২০ এপ্রিল, ১৯৪৬ |

জাতিসংঘের পূর্বসূরী সংগঠনের নাম League of Nations বা জাতিপুঞ্জ। প্রথম বিশ্বযুদ্ধের ব্যাপকতা, ভয়াবহতা ও ধ্বংসযজ্ঞ সমগ্র বিশ্ববাসীকে স্তম্ভিত করেছিল। ভয়াবহতা থেকে উত্তরণের লক্ষ্যে মার্কিন প্রেসিডেন্ট উড্রো উইলসন ৮ জানুয়ারি ১৯১৮ সালে মার্কিন কংগ্রেসে ১৪ দফা সম্বলিত একটি ভাষণ প্রদান করেন। ঐ ১৪ দফা প্রস্তাবের ১৪ নং দফাতে একটি আন্তর্জাতিক সংস্থা প্রতিষ্ঠার কথা উল্লেখ ছিল। ১৯১৯ সালে অনুষ্ঠিত প্যারিস শান্তি সম্মেলনে তাঁর ১৪ দফা উপস্থাপিত হলে বিশ্ব নেতৃবৃন্দ একটি আন্তর্জাতিক সংগঠন প্রতিষ্ঠা করার সিদ্ধান্ত গ্রহণ করেন। জাতিপুঞ্জের প্রধান প্রস্তাবনাগুলো হলো: যৌথ নিরাপত্তা, সালিশি ও বিচারিক নিষ্পত্তি (আন্তর্জাতিক আদালত প্রতিষ্ঠা), অর্থনৈতিক ও সামাজিক ক্ষেত্রে আন্তর্জাতিক সহযোগিতা বা নিয়ন্ত্রণ, অস্ত্র নিয়ন্ত্রণ এবং উন্মুক্ত কূটনীতি (Open Diplomacy)। এর সনদে ২৬টি অনুচ্ছেদ ছিল।

**যুক্তরাষ্ট্র জাতিপুঞ্জে যোগদান না করার কারণ:** যুক্তরাষ্ট্রের সিনেট ২য় ভার্সাই চুক্তি অনুমোদন করেনি। কারণ হলো– (i) ২য় ভার্সাই চুক্তির এক শর্তে বলা হয়েছে ১ম বিশ্বযুদ্ধে যেসব দেশ বহিঃআগ্রাসনের শিকার (External Aggression) হয়েছে কেবল তারাই যুদ্ধের ক্ষতিপূরণ পাবে। সেক্ষেত্রে ফ্রান্স ও ব্রিটেন ছাড়া কেউ ক্ষতিপূরণ পাবে না। (ii) আমেরিকা ১৮২৩ সালের মনরো ড্রকটিন অনুসরণ করে জাতিপুঞ্জ থেকে নিজেদেরকে বিরত রাখে।

## জাতিসংঘ

| | |
|---|---|
| প্রস্তাবক | ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট |
| প্রতিষ্ঠা | ২৪ অক্টোবর, ১৯৪৫ |
| সদর দপ্তর | নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র |
| মোট সদস্য | ১৯৩টি |
| সনদের অনুচ্ছেদ | ১১১টি |
| প্রতিষ্ঠাকালীন সদস্য | ৫১টি |
| মূলমন্ত্র | এ পৃথিবী আপনার |

প্রথম বিশ্বযুদ্ধের পর আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তা রক্ষার জন্য গঠিত জাতিপুঞ্জ (League of Nations) তার উদ্দেশ্য সাধনে সফল হয়নি। ১৯৩৯ সালে শুরু হওয়া দ্বিতীয় বিশ্বযুদ্ধে মিত্র শক্তি জয়লাভ করে। দ্বিতীয় বিশ্বযুদ্ধে মিত্রশক্তিভুক্ত দেশসমূহের মধ্যে যে পারস্পরিক সমঝোতা ও ঐক্য গড়ে উঠেছিল তার ভিত্তিতে আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে ২৪ অক্টোবর ১৯৪৫ সালে গঠিত হয় জাতিসংঘ বা **United Nations.** এর নামকরণ করেন সাবেক মার্কিন প্রেসিডেন্ট ফ্রাঙ্কলিন ডি. রুজভেল্ট। জাতিসংঘ চার্টার এ পর্যন্ত ৩ বার সংশোধিত হয় – ১৯৬৩, ১৯৬৫ এবং ১৯৭৩ সালে।

## জাতিসংঘ গঠনের পটভূমি

| পদক্ষেপের নাম | তথ্য |
|---|---|
| লন্ডন ঘোষণা (১২ জুন, ১৯৪১) | জার্মানি ব্রিটেন আক্রমণ করলে লন্ডনের জেমস প্রাসাদে ইউরোপের ৯টি দেশের নেতৃবৃন্দ যুদ্ধ বন্ধ এবং যুদ্ধোত্তর বিশ্বে শান্তি ও নিরাপত্তা প্রতিষ্ঠার লক্ষ্যে যে ঘোষণা দেয় তাই লন্ডন ঘোষণা। |
| আটলান্টিক সনদ (১৪ আগস্ট, ১৯৪১) | জাতিসংঘ গঠনের দ্বিতীয় পদক্ষেপ আটলান্টিক সনদ। মার্কিন প্রেসিডেন্ট ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট এবং ব্রিটিশ প্রধানমন্ত্রী উইনস্টন চার্চিল ১৪ আগস্ট, ১৯৪১ আটলান্টিক মহাসাগরে (প্লাসেনসিয়া উপসাগর, নিউ ফাউন্ডল্যান্ড, কানাডা) ব্রিটিশ রণতরি প্রিন্সেস অব ওয়েলস – এ এক বৈঠকে মিলিত হয়ে ৮ দফা সম্বলিত যে যৌথ ঘোষণা দেন তাকে আটলান্টিক সনদ নামে অভিহিত করা হয়। ২৬ টি দেশ এ সনদে সমর্থন দিয়েছিল। এই সনদকে UN প্রতিষ্ঠার মেরুদণ্ড বলে অভিহিত করা হয়। |
| ওয়াশিংটন সম্মেলন (১ জানুয়ারি, ১৯৪২) | যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, সোভিয়েত ইউনিয়ন, চীনসহ ২৬টি দেশের প্রতিনিধিরা এ সম্মেলনে অংশগ্রহণ করে। মার্কিন প্রেসিডেন্ট ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট **"Declaration by United Nations"** (জাতিসংঘ ঘোষণা) ঘোষণা করেন। এ কারণে রুজভেল্টকে জাতিসংঘের নামকরণকারী বলা হয়। সর্বপ্রথম এ সম্মেলনেই United Nations নামটি ব্যবহার করা হয়। মার্কিন প্রেসিডেন্ট রুজভেল্ট, ব্রিটেনের প্রধানমন্ত্রী উইনস্টন চার্চিল, সোভিয়েত প্রতিনিধি লিটভিন এবং চীনের প্রতিনিধি টি ভি মুঙ জাতিসংঘ সনদে স্বাক্ষর করেন। |
| ভার্জিনিয়া সম্মেলন (১৯৪৩) | ১৯৪৩ সালে উদ্বাস্তুদের খাদ্য সহায়তার লক্ষ্যে এক সম্মেলন অনুষ্ঠিত হয় যুক্তরাষ্ট্রের ভার্জিনিয়া শহরে। ফলস্বরূপ জাতিসংঘের পাশাপাশি ১৯৪৫ সালে খাদ্য ও কৃষি সংস্থা **FAO (Food and Agriculture Organization)** প্রতিষ্ঠিত হয়। |
| মস্কো সম্মেলন (৩০ অক্টোবর,১৯৪৩) | ১৯৪৩ সালের অক্টোবর মাসে যুক্তরাষ্ট্র, সোভিয়েত ইউনিয়ন, ব্রিটেন ও চীনের পররাষ্ট্রমন্ত্রীরা মস্কোতে এক বৈঠকে মিলিত হয়ে 'সাধারণ নিরাপত্তা সংক্রান্ত চার জাতি ঘোষণা' ও ৭ দফা চুক্তি প্রণয়ন করেন, যা মস্কো ঘোষণা বা "Moscow Declaration" নামে পরিচিত। |
| তেহরান সম্মেলন (ডিসেম্বর, ১৯৪৩) | মার্কিন প্রেসিডেন্ট ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট, ব্রিটিশ প্রধানমন্ত্রী উইনস্টইন চার্চিল এবং সোভিয়েত প্রেসিডেন্ট জোসেফ স্ট্যালিন ১ ডিসেম্বর, ১৯৪৩ সালে তেহরানে আন্তর্জাতিক সংগঠন গড়ে তোলার জন্য সকল দেশকে সদস্য হওয়ার আহ্বান করেন। |
| ব্রেটন উডস সম্মেলন (১ – ২২ জুলাই, ১৯৪৪) | যুক্তরাষ্ট্রের নিউ হ্যাম্পাশায়ারের ব্রেটন উডস শহরে 44টি দেশের প্রতিনিধিদের উপস্থিতিতে একটি সম্মেলন অনুষ্ঠিত হয়। এ সম্মেলনে ২টি আন্তর্জাতিক সংস্থা গঠনের সিদ্ধান্ত হয়। সংস্থাগুলো হলো-<br>ক. **International Bank for Reconstruction and Development (IBRD).**<br>খ. **International Monetary Fund (IMF).** |
| ডাম্বারটন ওকস সম্মেলন (১৯৪৪) | এ সম্মেলনে United Nations Organization এর কাঠামো দাঁড় করানো হয়। এতে নিরাপত্তা পরিষদ ও এর স্থায়ী সদস্য নির্বাচন, **ECOSOC** ও আন্তর্জাতিক আদালত গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ইয়াল্টা সম্মেলন (১৯৪৫) | এ সম্মেলনে তৎকালীন রুশ নেতা স্ট্যালিন, মার্কিন প্রেসিডেন্ট রুজভেল্ট ও ব্রিটিশ নেতা চার্চিল অংশগ্রহণ করেন। ইয়াল্টা (ক্রিমিয়া) সম্মেলনের মাধ্যমে ৫টি স্থায়ী সদস্যের 'ভেটো ক্ষমতা' প্রদান করা হয় এবং নিরাপত্তা পরিষদের বর্তমান ব্যবস্থাটি গ্রহণ করা হয়। ভেটো ল্যাটিন শব্দ। এর অর্থ আমি ইহা মানি না। এই কনফারেন্সে নাৎসি জার্মানির চূড়ান্ত পরাজয় ও দখলের ব্যাপারে পরিকল্পনা করা হয়। এছাড়াও জার্মানির জনগণকে যুদ্ধ পরবর্তী সহযোগিতা, জার্মানিকে নিরস্ত্রীকরণ, যুদ্ধাপরাধীদের বিচার এবং পরাজিত বা নিরপেক্ষ পূর্ব ইউরোপের দেশগুলোর ভাগ্য নির্ধারণ নিয়ে আলোচনা হয়। জার্মানদের আত্মসমর্পণের পর জাপান যুদ্ধে জড়ানোর জন্য জোসেফ স্ট্যালিন এই শর্তে সম্মতি প্রদান করেন যে, কুড়িল দ্বীপপুঞ্জ ও ১৯০৪-০৫ সালে রুশ জাপান যুদ্ধে হারানো অংশ রাশিয়াকে ফেরত দিতে হবে এবং Outer Mongolia (বর্তমান মঙ্গোলিয়া) এর ব্যাপারে স্থিতাবস্থা বজায় থাকবে। |
| সানফ্রান্সিসকো সম্মেলন (২৫ এপ্রিল – ২৬ জুন, ১৯৪৫) | এই সম্মেলনের আনুষ্ঠানিক নাম United Nations Conference on International Organization। দুই মাস ব্যাপী দীর্ঘ আলোচনার পর ২৬ জুন ১৯৪৫ সালে সানফ্রান্সিসকোতে ৫০টি দেশের প্রতিনিধিরা ১৯টি অধ্যায় ও ১১১টি অনুচ্ছেদ সম্বলিত জাতিসংঘ সনদে স্বাক্ষর করেন। ১৫ অক্টোবর, পোল্যান্ড সনদে স্বাক্ষর করে এবং ৫১টি সদস্যদেশ নিয়ে ২৪ অক্টোবর, ১৯৪৫ সালে জাতিসংঘ আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করে। ২৪ অক্টোবর 'জাতিসংঘ দিবস' হিসেবে পালন করা হয়। |

## জাতিসংঘের অন্যান্য তথ্যসমূহ

| | |
|---|---|
| জাতিসংঘ প্রতিষ্ঠার উদ্দেশ্য | ১. পৃথিবীর জাতিসমূহের মধ্যে স্বাধীনতা, শান্তি ও নিরাপত্তা সুনিশ্চিত করা।<br>২. আন্তর্জাতিক সমস্যার শান্তিপূর্ণ সমাধান করা।<br>৩. সম-অধিকার ও মর্যাদাপূর্ণ অবস্থানের ভিত্তিতে বিভিন্ন জাতির মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক প্রতিষ্ঠা করা।<br>৪. অর্থনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ও মানবিক সমস্যাসমূহ সমাধানের জন্য আন্তর্জাতিক সহযোগিতার ক্ষেত্র তৈরি করা। |
| জাতিসংঘের সনদ | এতে জাতিসংঘ ব্যবস্থার উদ্দেশ্য, পরিচালনা কাঠামো এবং সামগ্রিক কাঠামোর বিষয়ে বিস্তারিত বিবরণ দেওয়া হয়েছে। সনদটিতে একটি প্রস্তাবনা, ১১১টি অনুচ্ছেদ ও ১৯টি অধ্যায় রয়েছে। জাতিসংঘ সনদের মূল লেখক- আর্কিবেল্ড ম্যাকলিস। |
| জাতিসংঘের সদর দপ্তর ও ভবন | জাতিসংঘের সদর দপ্তর নিউইয়র্কের ম্যানহাটনে ইস্ট নদীর তীরে অবস্থিত। এই ভবনের জমি দান করেন রকফেলার, স্থপতি ওয়ালেস হ্যারিসন। নিউইয়র্ক ছাড়া এর আঞ্চলিক দপ্তর আছে তিনটি- জেনেভা (সুইজারল্যান্ড), ভিয়েনা (অস্ট্রিয়া), নাইরোবি (কেনিয়া)। সদর দপ্তর ভবন ৩৯ তলা বিশিষ্ট। |
| জাতিসংঘের পতাকা ও প্রতীক | জাতিসংঘের পতাকার ডিজাইনার জোনাল ম্যাগলিন (যুক্তরাজ্য)। নীল রং বিশিষ্ট পতাকার মাঝখানে রয়েছে পৃথিবীর মানচিত্র এবং এই মানচিত্রটি দুটি জলপাই পাতার শাখা দ্বারা বেষ্টিত। জলপাই পাতা শান্তির প্রতীক ও নীল রং দ্বারা বিশালতা বোঝায়।  জাতিসংঘের পতাকা |
| জাতিসংঘের ব্যবহৃত ভাষাসমূহ | জাতিসংঘের অফিসিয়াল মোট ভাষা- ৬টি। যথা- ১. ইংরেজি, ২. ফ্রেঞ্চ, ৩. চীনা, ৪. রুশ, ৫. স্প্যানিশ, ৬. আরবি। জাতিসংঘের কার্যকরী ভাষা- ২টি (ইংরেজি এবং ফ্রেঞ্চ)। ৭ম দাপ্তরিক ভাষা হবে- বাংলা (প্রস্তাবিত)। |
| জাতিসংঘের লাইব্রেরি | জাতিসংঘের লাইব্রেরির নাম দ্যাগ হ্যামারশোল্ড লাইব্রেরি। |
| জাতিসংঘ বিশ্ববিদ্যালয় | ১৯৭২ সালের ডিসেম্বর মাসে জাতিসংঘ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। এটি জাপানের টোকিওতে অবস্থিত। |
| জাতিসংঘের শান্তিঘণ্টা | প্রতিবছর নিউইয়র্কে জাতিসংঘ সদরদপ্তরে “শান্তির ঘণ্টা” বাজানোর মধ্য দিয়ে দিবসটির উদ্‌যাপনের সূচনা হয়। বিশ্বব্যাপী (আফ্রিকা মহাদেশ ছাড়া) শিশুদের থেকে সংগৃহীত ধাতব মুদ্রা গলিয়ে এই ঘণ্টা নির্মাণ করা হয়েছে। |
| জাতিসংঘের সদস্য | সনদের ৪ অনুচ্ছেদ অনুযায়ী যেকোনো শান্তিপ্রিয় রাষ্ট্র সদস্য হতে পারে। সদস্য পদ পাওয়ার জন্য নিরাপত্তা পরিষদের সুপারিশসহ সাধারণ পরিষদের দুই-তৃতীয়াংশ ভোটের প্রয়োজন। বর্তমান সদস্য - ১৯৩। সর্বশেষ সদস্য – দক্ষিণ সুদান (১৪ জুলাই, ২০১১)। পূর্বে জাতিসংঘের সদস্য ছিল কিন্তু বর্তমানে জাতিসংঘের সদস্য নয়- তাইওয়ান। ১৯৭১ সালে চীনকে জাতিসংঘের সদস্য দেশ হিসেবে অন্তর্ভুক্ত করে তাইওয়ানকে বাদ দেওয়া হয়।<br>■ স্বাধীন সার্বভৌম দেশ হয়েও জাতিসংঘের সদস্য নয়- ভ্যাটিকান সিটি ও কসোভো।<br>■ জাতিসংঘের সদস্যদের মধ্যে জনসংখ্যায় সবচেয়ে ছোট সদস্য দেশ- টুভ্যালু।<br>■ আয়তনে সবচেয়ে ছোট সদস্য দেশ- মোনাকো।<br>■ পর্যবেক্ষক দেশ- ফিলিস্তিন ও ভ্যাটিকান সিটি। |

## সংক্ষিপ্ত তথ্যচিত্র

**জাতিসংঘের মোট ভাষা ৬টি**

১। ইংরেজি ২। রুশ
৩। ফ্রেঞ্চ ৪। স্প্যানিশ
৫। চীনা ৬। আরবি

**নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য রাষ্ট্র ৫টি**

১। যুক্তরাষ্ট্র ২। যুক্তরাজ্য
৩। চীন ৪। রাশিয়া
৫। ফ্রান্স

**ভেটো দেওয়ার ক্ষমতা চায় ৫টি রাষ্ট্র**

১। জার্মানি ২। ভারত
৩। জাপান ৪। ব্রাজিল
৫। দ. আফ্রিকা

**অসদস্য পর্যবেক্ষক রাষ্ট্র ২টি**

১। ভ্যাটিকান সিটি ২। ফিলিস্তিন

**জাতিসংঘের উদ্যোক্তা রাষ্ট্র ৪টি**

১। যুক্তরাষ্ট্র ২। যুক্তরাজ্য
৩। চীন ৪। রাশিয়া

**উত্তরণ Brief**

- জাতিসংঘ প্রতিষ্ঠার প্রথম পদক্ষেপ → লন্ডন ঘোষণা।
- জাতিসংঘ নামকরণ করা হয় → ওয়াশিংটন সম্মেলনে।
- নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য ঠিক করা হয় → ডাম্বারটন ওকস সম্মেলনে।
- ভেটো ক্ষমতা অর্পণ করা হয় → ইয়াল্টা সম্মেলনে।
- জাতিসংঘ সনদ স্বাক্ষরিত হয় → সানফ্রান্সিসকো সম্মেলনে।
- জাতিসংঘের যাত্রা হয় → ৫১টি সদস্য নিয়ে।
- জাতিসংঘ ত্যাগ করে পুনরায় যোগদান করে → ইন্দোনেশিয়া।

## নমুনা প্রিলি প্রশ্ন

০১। জাতিসংঘের দাপ্তরিক ভাষা নয় কোনটি?
(ক) রুশ (খ) ফরাসি (গ) পর্তুগিজ (ঘ) আরবি

০২। জাতিসংঘের সর্বশেষ সদস্য রাষ্ট্র কোনটি?
(ক) কঙ্গো (খ) কাতালোনিয়া (গ) পূর্বতিমুর (ঘ) দক্ষিণ সুদান

০৩। জাতিসংঘের ঘোষণাপত্র কোথায় স্বাক্ষরিত হয়?
(ক) ওয়াশিংটনে (খ) রাশিয়ায় (গ) লন্ডনে (ঘ) প্যারিসে

০৪। জাতিপুঞ্জ কবে বিলুপ্ত হয়?
(ক) ১৯১৯ সালে (খ) ১৯৩২ সালে (গ) ১৯৪৬ সালে (ঘ) ১৯৪৫ সালে

০৫। জাতিসংঘের কার্যকরী ভাষা দুটি হলো –
(ক) ইংরেজি ও চীনা (খ) ইংরেজি ও রুশ (গ) ইংরেজি ও স্প্যানিশ (ঘ) ইংরেজি ও ফরাসি

০৬। জাতিসংঘের স্থায়ী পর্যবেক্ষক দেশ কোনটি?
(ক) প্যালেস্টাইন (খ) পূর্ব তিমুর (গ) মোনাকো (ঘ) ম্যাকাও

০৭। কোন সম্মেলনে 'ভেটো ক্ষমতা' প্রদান করা হয়?
(ক) তেহরান সম্মেলনে (খ) মস্কো সম্মেলনে (গ) ইয়াল্টা সম্মেলনে (ঘ) সানফ্রান্সিসকো সম্মেলনে

০৮। জাতিসংঘ বিশ্ববিদ্যালয় কোথায় অবস্থিত?
(ক) সিউলে (খ) জাকার্তায় (গ) টোকিওতে (ঘ) ভিয়েনাতে

০৯। ১৯৪৫ সালে জাতিসংঘ সনদ (Charter) কোথায় স্বাক্ষরিত হয়?
(ক) সানফ্রান্সিসকো (খ) নিউইয়র্ক (গ) প্যারিস (ঘ) জেনেভা

১০। কোন দেশ পূর্বে জাতিসংঘের সদস্য ছিল কিন্তু বর্তমানে নেই?
(ক) থাইল্যান্ড (খ) তাইওয়ান (গ) ইসরাইল (ঘ) দক্ষিণ আফ্রিকা

১১। জাতিসংঘের সনদ কর্তৃক স্বীকৃত দাপ্তরিক ভাষার সংখ্যা-
(ক) ৪ (খ) ৫ (গ) ৬ (ঘ) ৭

১২। জাতিপুঞ্জ প্রতিষ্ঠার উদ্যোক্তা হয়েও কোন দেশ এর সদস্য ছিল না?
(ক) যুক্তরাষ্ট্র (খ) ব্রিটেন (গ) সোভিয়েত ইউনিয়ন (ঘ) ফ্রান্স

১৩। জাতিসংঘের পূর্বসূরী আন্তর্জাতিক প্রতিষ্ঠান কোনটি?
(ক) ইউনাইটেড নেশনস (খ) লীগ অব নেশনস (গ) কম্যুনিটি অব নেশনস (ঘ) এসোসিয়েশনস অব নেশনস

১৪। জাতিসংঘ সনদে (১৯৪৫) মোট কতটি দেশ স্বাক্ষর করেছিল?
(ক) ৫০টি (খ) ৫১টি (গ) ৫২টি (ঘ) ১০০টি

১৫। বাংলাদেশ জাতিসংঘের কততম সদস্য?
(ক) ১৪৬ তম (খ) ১২৬ তম (গ) ১৩৬ তম (ঘ) ১৪৮ তম

১৬। জাতিসংঘ সনদ কবে কার্যকর হয়?
(ক) ১৯২০ সালে (খ) ১৯৪৫ সালে (গ) ১৯৫০ সালে (ঘ) ১৯৭১ সালে

১৭। কোন আন্তর্জাতিক সংস্থার পতাকায় জলপাই পাতা দেখা যায়?
(ক) রেডক্রস (খ) ন্যাটো (গ) বয়েজ স্কাউট (ঘ) জাতিসংঘ

১৮। জাতিসংঘের লাইব্রেরির নাম কী?
(ক) রুজভেল্ট　(খ) দ্যাগ হ্যামারশোল্ড　(গ) চার্চিল　(ঘ) স্ট্যালিন

১৯। জাতিসংঘের ইউরোপীয় সদর দপ্তর কোথায় অবস্থিত?
(ক) লন্ডন　(খ) রোম　(গ) জেনেভা　(ঘ) প্যারিস

২০। জাতিসংঘের মূলমন্ত্র হলো-
(ক) শান্তি　(খ) সকলের জন্য জীবন　(গ) এ পৃথিবী আপনার　(ঘ) সমান অধিকার

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | গ | ০২ | ঘ | ০৩ | ক | ০৪ | | ০৫ | ঘ | ০৬ | ক | ০৭ | গ | ০৮ | গ | ০৯ | ক | ১০ | খ |
| ১১ | গ | ১২ | ক | ১৩ | খ | ১৪ | খ | ১৫ | গ | ১৬ | খ | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | | ২০ | গ |

[বিশেষ দ্রষ্টব্য: সুপ্রিয় বিসিএস প্রার্থী, উত্তরমালায় কিছু প্রশ্নের উত্তর না দেয়া থাকলেও আমরা বিশ্বাস করি আপনারা পরিপূর্ণ আত্মবিশ্বাসের সাথেই সঠিক উত্তরে বৃত্ত ভরাট করতে পারবেন।]

## ৩.১ (খ) জাতিসংঘের অঙ্গসংগঠন

### বিগত বছরের BCS প্রিলি পরীক্ষার প্রশ্ন

০১। আন্তর্জাতিক আদালতের (International Court of Justice) সভাপতির মেয়াদ কত বৎসর? [৪৬তম বিসিএস]
(ক) ২ বৎসর　(খ) ৩ বৎসর　(গ) ৬ বৎসর　(ঘ) ৯ বৎসর

০২। আন্তর্জাতিক আদালতের একজন বিচারক কয় বছরের জন্য নির্বাচিত হন? [৪৪তম বিসিএস]
(ক) তিন বছর　(খ) সাত বছর　(গ) চার বছর　(ঘ) নয় বছর

০৩। জাতিসংঘের নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্য পদ কত সময়ের জন্য? [৪৪তম বিসিএস]
(ক) ১ বছর　(খ) ২ বছর　(গ) ৪ বছর　(ঘ) ৫ বছর

০৪। প্রথাগতভাবে বছরের কোন দিন জাতিসংঘ সাধারণ পরিষদের বার্ষিক অধিবেশন শুরু হয়? [৪৪তম বিসিএস]
(ক) সেপ্টেম্বর মাসের প্রথম সোমবার　(খ) অক্টোবর মাসের প্রথম মঙ্গলবার
(গ) আগস্ট মাসের শেষ সোমবার　(ঘ) অক্টোবর মাসের প্রথম সোমবার
[ব্যাখ্যা: জাতিসংঘ সনদের ২০ অনুচ্ছেদ অনুসারে প্রতি বছরের সেপ্টেম্বর মাসের তৃতীয় মঙ্গলবার সাধারণ পরিষদের বার্ষিক অধিবেশন অনুষ্ঠিত হয়।]

০৫। আন্তর্জাতিক বিচার আদালত রোহিঙ্গা গণহত্যা বিষয়ক অন্তর্বর্তীকালীন রায়ে মিয়ানমারকে কয়টি নির্দিষ্ট ব্যবস্থা গ্রহণের কথা বলেছে? [৪১তম বিসিএস]
(ক) ৩টি　(খ) ২টি　(গ) ৫টি　(ঘ) ৪টি

০৬। আন্তর্জাতিক আদালতে মিয়ানমার কর্তৃক রোহিঙ্গা গণহত্যার অভিযোগে মামলা করে কোন দেশ? [৪১তম বিসিএস]
(ক) নাইজেরিয়া　(খ) গাম্বিয়া　(গ) বাংলাদেশ　(ঘ) আলজেরিয়া

০৭। জাতিসংঘ বিষয়ক আলোচনায় পি-৫ (P5) বলতে কী বোঝায়? [৪০তম বিসিএস]
(ক) নিরাপত্তা পরিষদের পাঁচটি স্থায়ী রাষ্ট্র　(খ) পাঁচটি পরমাণু শক্তিধর রাষ্ট্র
(গ) জাতিসংঘের পাঁচটি সংস্থা　(ঘ) উপরের কোনটিই নয়

০৮। The International Court of Justice is located in- [৩৪তম বিসিএস]
(ক) New York　(খ) London　(গ) Geneva　(ঘ) Hague

০৯। কোন পরিষদের সুপারিশক্রমে জাতিসংঘে নতুন সদস্য গ্রহণ করা হয়? [২৭তম ও ২৩তম বিসিএস]
(ক) অর্থনৈতিক ও সামাজিক পরিষদ (খ) সাধারণ পরিষদ　(গ) নিরাপত্তা পরিষদ　(ঘ) অছি পরিষদ

১০। জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে প্রতিটি সদস্যরাষ্ট্র সর্বোচ্চ কত জন প্রতিনিধি পাঠাতে পারে? [২৩তম বিসিএস]
(ক) তিনজন　(খ) চারজন　(গ) পাঁচজন　(ঘ) ছয়জন

১১। নয়া আন্তর্জাতিক অর্থনৈতিক ব্যবস্থার প্রস্তাব জাতিসংঘের সাধারণ পরিষদের কোন বিশেষ অধিবেশনে গৃহীত হয়? [১৭তম বিসিএস]
(ক) দ্বিতীয়　(খ) তৃতীয়　(গ) পঞ্চম　(ঘ) ষষ্ঠ

১২। ১৯৬৫ সালের আগে জাতিসংঘের নিরাপত্তা পরিষদের সদস্য সংখ্যা কত ছিল? [১৬তম বিসিএস]
(ক) ১৫টি　(খ) ৬টি　(গ) ১১টি　(ঘ) ১০টি

১৩। জাতিসংঘের নিরাপত্তা পরিষদের দুইটি স্থায়ী সদস্য দেশ কোন দেশ? [১৬তম বিসিএস]
(ক) জাপান ও চীন　(খ) চীন ও ব্রাজিল　(গ) জাপান ও ভারত　(ঘ) চীন ও যুক্তরাষ্ট্র

১৪। নিরাপত্তা পরিষদের এশীয় আসনে বাংলাদেশের প্রতিদ্বন্দ্বী ছিল– [১০তম বিসিএস]

(ক) ফিলিপাইন (খ) জাপান (গ) ইন্দোনেশিয়া (ঘ) থাইল্যান্ড

১৫। সাধারণ পরিষদের নিয়মিত অধিবেশন শুরু হয়– [১০তম বিসিএস]

(ক) সেপ্টেম্বর মাসের তৃতীয় মঙ্গলবার (খ) সেপ্টেম্বর মাসের প্রথম সোমবার

(গ) সেপ্টেম্বর মাসের দ্বিতীয় বুধবার (ঘ) সেপ্টেম্বর মাসের চতুর্থ মঙ্গলবার

| উত্তরমালা | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | খ | ০২ | ঘ | ০৩ | খ | ০৪ | - | ০৫ | ঘ | ০৬ | খ | ০৭ | ক | ০৮ | ঘ | ০৯ | গ | ১০ | গ |
| ১১ | ঘ | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | ক | | | | | | | | | | |

জাতিসংঘের দুই ধরনের অঙ্গ প্রতিষ্ঠান রয়েছে। ক. মূল অঙ্গ সংস্থা, খ. বিশেষায়িত/ সহায়ক সংস্থা।

জাতিসংঘের মূল অঙ্গসংগঠন হলো ৬টি। অঙ্গসংগঠনগুলো হলো-




## ১. সাধারণ পরিষদ

<table>
<tr><td colspan="2">United Nations General Assembly</td><td rowspan="4">
▪ জাতিসংঘের সাধারণ পরিষদ জাতিসংঘের ১৯৩টি সদস্য নিয়ে গঠিত।<br>
▪ সাধারণ পরিষদের অধিবেশনে প্রত্যেক সদস্যরাষ্ট্র সর্বোচ্চ ৫ জন প্রতিনিধি পাঠাতে পারে কিন্তু প্রতিটি সদস্য রাষ্ট্র সাধারণ পরিষদে ভোট দিতে পারে ১টি। সাধারণ পরিষদের সহ-সভাপতি ২১ জন।<br>
▪ সাধারণ পরিষদের নিয়মিত বার্ষিক অধিবেশন শুরু হয় প্রতিবছর সেপ্টেম্বর মাসের তৃতীয় মঙ্গলবার।<br>
▪ NAM সদস্যসমূহ এবং জি-৭৭ জাতি গোষ্ঠীর পক্ষ থেকে তৃতীয় বিশ্বের দেশগুলোর অর্থনৈতিক মুক্তি ও অগ্রগতির লক্ষ্যে প্রণীত পরিকল্পনা হলো 'নয়া আন্তর্জাতিক অর্থনৈতিক ব্যবস্থা' বা New International Economic Order (NIEO) যা ১৯৪৭ সালের ৩০ এপ্রিল জাতিসংঘ সাধারণ পরিষদে (ষষ্ঠ বিশেষ অধিবেশন) পাস হয়।<br>
▪ জাতিসংঘের সাধারণ পরিষদে ১ বছরের জন্য ১ জন সভাপতি নির্বাচিত হয়। সর্বশেষ (৭৯তম) অধিবেশনে সভাপতিত্ব করেন ফিলেমন ইয়াং (ক্যামেরুন)।
</td></tr>
<tr><td>কার্যক্রম শুরু</td><td>১০ জানু:, ১৯৪৬</td></tr>
<tr><td>পরিচিতি</td><td>আলোচনা পরিষদ।</td></tr>
<tr><td>অধিবেশন</td><td>৭৯টি (২০২৪)</td></tr>
<tr><td colspan="2">প্রস্তাব পাশের পদ্ধতি</td><td>সাধারণ বিষয়ে সংখ্যাগরিষ্ঠ ভোটে প্রস্তাব গৃহীত হয়। তবে গুরুত্বপূর্ণ প্রশ্নে দুই-তৃতীয়াংশ ভোটের প্রয়োজন হয়। যেমন- আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তা সংক্রান্ত সুপারিশ, বাজেট, নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্য নির্বাচন ও বহিষ্কার, ইকোসকের (ECOSOC) সদস্য নির্বাচন, জাতিসংঘের নতুন সদস্য নির্বাচন ও বহিষ্কার।</td></tr>
<tr><td colspan="2">কার্যাবলি</td><td>নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্য ও ইকোসকের সদস্য নির্বাচন, মহাসচিব নিয়োগ ও ICJ এর বিচারকবৃন্দ নিয়োগ (এ ক্ষেত্রে সাধারণ পরিষদ ও নিরাপত্তা পরিষদ সমান ক্ষমতা প্রয়োগ করে), জাতিসংঘের বাজেট অনুমোদন, সাধারণ পরিষদের সভাপতি নির্বাচন, সদস্য দেশের চাঁদার পরিমাণ নির্ধারণ।</td></tr>
</table>

## ২. নিরাপত্তা পরিষদ

UNSC

| | |
|---|---|
| কার্যক্রম শুরু | ১৭ জানু: ১৯৪৬ |
| পরিচিতি | স্বস্তি পরিষদ |
| মোট সদস্য | ১৫টি |
| স্থায়ী সদস্য | ৫টি |
| অস্থায়ী সদস্য | ১০টি |

- নিরাপত্তা পরিষদের কাজ বিশ্বব্যাপী শান্তি ও নিরাপত্তা রক্ষা করা।
- জাতিসংঘের নতুন সদস্য চূড়ান্তভাবে গ্রহণের পূর্বে নিরাপত্তা পরিষদের সুপারিশের প্রয়োজন হয়।
- ১৯৬৫ সালের আগে নিরাপত্তা পরিষদের সদস্য ছিল ১১টি (৫টি স্থায়ী ও ৬টি অস্থায়ী)। ১৯৬৩ সালে জাতিসংঘ সনদের ২৩ নং অনুচ্ছেদ সংশোধন করে অস্থায়ী সদস্য ১০- এ উন্নীত করা হয় যা ১৯৬৫ সালে কার্যকর করা হয়। বর্তমানে নিরাপত্তা পরিষদের সদস্য ১৫।
- নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য ৫টি (যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফ্রান্স, রাশিয়া ও চীন) এদেরকে P-5 বলে।
- এই P-5 দেশগুলোর Veto ক্ষমতা রয়েছে। Veto অর্থ আমি এটা মানি না। অস্থায়ী ১০টি সদস্যের মধ্যে প্রতিবছর ৫টি সদস্য নির্বাচিত হয় এবং ৫টি সদস্যের মেয়াদ শেষ হয়। অস্থায়ী সদস্য নির্বাচিত হয় ২ বছরের জন্য। বর্তমানে জাতিসংঘের অস্থায়ী সদস্য- ইকুয়েডর, মাল্টা, মোজাম্বিক, সুইজারল্যান্ড ও জাপান (২০২৩-২৪ মেয়াদ), সিয়েরা লিওন, আলজেরিয়া, দক্ষিণ কোরিয়া, স্লোভেনিয়া ও গায়ানা (২০২৪-২৫ মেয়াদ)।

## ৩. অর্থনৈতিক ও সামাজিক পরিষদ (ECOSOC)

ECOSOC

- ECOSOC অর্থনৈতিক, সামাজিক ও পরিবেশের টেকসই উন্নয়ন বিষয়ে কেন্দ্রীয় ভূমিকা পালন করে। এটি জাতিসংঘ ব্যবস্থা ও এর বিশেষায়িত সংস্থা বিশেষত সহায়ক ও পরামর্শমূলক সংস্থাগুলোর তত্ত্বাবধানে কেন্দ্রীয় ভূমিকা পালন করে।
- এটি জাতিসংঘের অর্থনৈতিক, সামাজিক ও পরিবেশ বিষয়ক সমস্যাগুলোর জন্য জাতিসংঘের অন্যান্য সহায়ক সংস্থার সমন্বয়, পলিসি পর্যালোচনা, পলিসি ডায়ালগ এবং সুপারিশের কাজ করে। এছাড়াও আন্তর্জাতিকভাবে সম্মত বিভিন্ন উন্নয়ন লক্ষমাত্রা যেমন: SDG, MDG ইত্যাদি বাস্তবায়নে কাজ করে।
- জাতিসংঘের অর্থনৈতিক ও সামাজিক পরিষদ ECOSOC (Economic and Social Council) এর সদস্য সংখ্যা ৫৪ যারা সাধারণ পরিষদ দ্বারা নির্বাচিত হন।
- সদস্য নির্বাচিত হয় ৩ বছরের জন্য। প্রতিবছর ১৮টি দেশ নতুন সদস্য নির্বাচিত হয় এবং ১৮টি বাতিল হয়।
- আঞ্চলিক কমিশন ৫টি যথা:

| নাম | পূর্ণনাম | সদর দপ্তর |
|---|---|---|
| ECA | Economic Commission for Africa | আদ্দিস আবাবা (ইথিওপিয়া) |
| ECE | Economic Commission for Europe | জেনেভা (সুইজারল্যান্ড) |
| ECLAC | Economic Commission for Latin America and the Caribbean | সান্টিয়াগো (চিলি) |
| ESCAP | Economic and Social Commission for Asia and the Pacific | ব্যাংকক (থাইল্যান্ড) |
| ESCWA | Economic and Social Commission for Western Asia | বৈরুত (লেবানন) |

অন্যান্য কমিশন: ১। মানবাধিকার কমিশন, ২। জনসংখ্যা কমিশন, ৩। সামাজিক উন্নয়ন কমিশন, ৪। পরিসংখ্যান কমিশন, ৫। নারী অধিকার কমিশন, ৬। মাদকদ্রব্য বিষয়ক কমিশন। এগুলো UN Family নামে পরিচিত।

## ৪. অছি পরিষদ

অছি পরিষদ

- ১৯৪৫ সালে গঠিত হওয়া অছি পরিষদের মূল কাজ ছিল উপনিবেশের অধীন দেশগুলোকে স্বাধীন করা ও বিরোধপূর্ণ অঞ্চলের রক্ষণাবেক্ষণ এবং শাসন পরিচালনার মাধ্যমে উক্ত অঞ্চলের স্বাধীনতা আনয়ন।
- ১৯৯৪ সালে পালাউকে স্বাধীন করার পর থেকে অছি পরিষদের কার্যক্রম স্থগিত রয়েছে।

## ৫. আন্তর্জাতিক আদালত

| | |
|---|---|
| প্রতিষ্ঠা | ২৬ জুন, ১৯৪৫ |
| কার্যক্রম শুরু | ১৮ এপ্রিল, ১৯৪৬ |
| সদর দপ্তর | হেগ, নেদারল্যান্ডস |

- International Court of Justice এর বিচারক সংখ্যা ১৫ জন এবং বিচারকের মেয়াদকাল ৯ বছর।
- এর সভাপতির মেয়াদ ৩ বছর। বর্তমান ভারপ্রাপ্ত সভাপতি জুলিয়া সেবুতিন্ডে (উগান্ডা)
- এই আদালতে কোনো ব্যক্তির বিরুদ্ধে মামলা করা যায় না কিন্তু আন্তর্জাতিক বিরোধের ক্ষেত্রে জাতিসংঘের যেকোনো সদস্য রাষ্ট্র অন্য সদস্য রাষ্ট্রের বিরুদ্ধে মামলা করতে পারে। প্রথম মামলা করেছিল – যুক্তরাজ্য ও আলবেনিয়া।
- ১১ নভেম্বর ২০১৯ আন্তর্জাতিক আদালতে মিয়ানমার কর্তৃক রোহিঙ্গা গণহত্যার অভিযোগে মামলা করে আফ্রিকার দেশ গাম্বিয়া। মামলার নেতৃত্ব দেন গাম্বিয়ার আইনমন্ত্রী ও অ্যাটর্নি জেনারেল আবু বকর মারি তাম্বাদু।

### ৬. সচিবালয়

| | |
|---|---|
| সচিবালয় | ▪ এটি জাতিসংঘের মুখ্য কার্যনির্বাহী সংস্থা।<br>▪ এতে একজন মহাসচিব, একজন উপসচিব, ১২ জন অধস্তন সচিব, ১২ জনের অধিক সহকারী সচিব রয়েছে। এর সদর দপ্তর ৮টি।<br>▪ এর প্রধান সদর **দপ্তর যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক শহরে।** অন্যান্য সদর দপ্তরগুলো হলো: জেনেভা, নাইরোবি, ভিয়েনা, ব্যাংকক, বৈরুত, আদ্দিস আবাবা, সান্টিয়াগো। |

**উত্তরণ Brief**

- জাতিসংঘের সাধারণ পরিষদের ১ম সভাপতি → পল হেনরি স্পাক
- জাতিসংঘের সাধারণ পরিষদের ১ম নারী সভাপতি → বিজয়া লক্ষ্মী পণ্ডিত (ভারত)।
- জাতিসংঘের সাধারণ পরিষদের ১ম বাংলাদেশি সভাপতি → হুমায়ুন রশিদ চৌধুরী (৪১তম অধিবেশন)।
- জাতিসংঘে নিরাপত্তা পরিষদে ১ম ভেটো দেয় → সাবেক সোভিয়েত ইউনিয়ন।
- নিরাপত্তা পরিষদে সর্বোচ্চবার অস্থায়ী সদস্য হয় → জাপান (১১ বার), ব্রাজিল (১০ বার)।
- অছি পরিষদের কার্যক্রম স্থগিত রয়েছে →১৯৯৪ সাল থেকে।

## নমুনা প্রিলি প্রশ্ন

০১। জাতিসংঘের নিরাপত্তা পরিষদের মোট সদস্য সংখ্যা (স্থায়ী ও অস্থায়ী) কত?
(ক) ৫টি (খ) ১০টি (গ) ১২টি (ঘ) ১৫টি

০২। কোন পরিষদের সুপারিশক্রমে জাতিসংঘের মহাসচিব নিয়াগপ্রাপ্ত হন?
(ক) সাধারণ পরিষদ (খ) নিরাপত্তা পরিষদ
(গ) অর্থনৈতিক ও সামাজিক পরিষদ (ঘ) অছি পরিষদ

০৩। আন্তর্জাতিক অপরাধ আদালত কার্যালয় কোন শহরে অবস্থিত?
(ক) নিউইয়র্ক (খ) জেনেভা (গ) দ্য হেগ (ঘ) রোম

০৪। কোনটি জাতিসংঘের অঙ্গসংগঠন নয়-
(ক) EU (খ) ILO (গ) UNDP (ঘ) WFP

০৫। কোন দেশটি জাতিসংঘের নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য নয়?
(ক) ফ্রান্স (খ) যুক্তরাজ্য (গ) জাপান (ঘ) চীন

০৬। জাতিসংঘের কোন অঙ্গ সংস্থার কার্যক্রম স্থগিত করা হয়েছে?
(ক) সাধারণ পরিষদ (খ) আন্তর্জাতিক বিচারালয় (গ) নিরাপত্তা পরিষদ (ঘ) অছি পরিষদ

০৭। আন্তর্জাতিক আদালতে কোন দুটি দেশ প্রথম মামলা করেছিল?
(ক) ফ্রান্স ও লাইবেরিয়া (খ) ফিনল্যান্ড ও নরওয়ে (গ) যুক্তরাজ্য ও আলবেনিয়া (ঘ) দক্ষিণ আফ্রিকা ও লেসেথো

০৮। আন্তর্জাতিক আদালতের সদর দপ্তর কোন দেশে অবস্থিত?
(ক) সুইজারল্যান্ড (খ) নেদারল্যান্ডস (গ) ইটালিতে (ঘ) অস্ট্রিয়াতে

০৯। জাতিসংঘের সাধারণ পরিষদের প্রথম অধিবেশন অনুষ্ঠিত হয়-
(ক) ১৯৪৫ সালে (খ) ১৯৪৬ সালে (গ) ১৯৪৭ সালে (ঘ) ২০০৪ সালে

১০। শান্তি প্রাসাদ নামে পরিচিত –
(ক) আন্তর্জাতিক আদালত ভবন (খ) হোয়াইট হল ভবন (গ) ভ্যাটিকান সিটি ভবন (ঘ) নিরাপত্তা পরিষদ ভবন

১১। জাতিসংঘ মোট কতটি অঙ্গসংগঠন নিয়ে গঠিত?
(ক) ৬টি (খ) ১০টি (গ) ৯টি (ঘ) ১১টি

১২। 'ভেটো' ক্ষমতার অধিকারী কোন কোন রাষ্ট্র?
(ক) জাতিসংঘের সাধারণ পরিষদের সকল সদস্য রাষ্ট্র (খ) জাতিসংঘের নিরাপত্তা পরিষদের সকল সদস্য রাষ্ট্র
(গ) জাতিসংঘের নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য রাষ্ট্রসমূহ (ঘ) জাতিসংঘের মহাসচিব

১৩। সর্বশেষ (৭৯তম) সাধারণ পরিষদের অধিবেশনে সভাপতিত্ব করে কোন দেশ –
(ক) ক্যামেরুন (খ) গায়ানা (গ) পর্তুগাল (ঘ) তুর্কিয়ে

১৪। জাতিসংঘের নিরাপত্তা পরিষদের সভাপতি সভাপতিত্ব করেন-
(ক) ২ মাস (খ) ১ মাস (গ) ৪ মাস (ঘ) ১ বছর

১৫। অর্থনৈতিক ও সামাজিক পরিষদের সদস্য কত বছরের জন্য নির্বাচিত হয়?
(ক) ৭ বছর (খ) ৫ বছর (গ) ১১ বছর (ঘ) ৩ বছর

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ঘ | ০২ | খ | ০৩ | গ | ০৪ | | ০৫ | গ | ০৬ | ঘ | ০৭ | গ | ০৮ | খ | ০৯ | খ | ১০ | ক |
| ১১ | ক | ১২ | | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | ঘ | | | | | | | | | | |

[বিশেষ দ্রষ্টব্য: সুপ্রিয় বিসিএস প্রার্থী, উত্তরমালায় কিছু প্রশ্নের উত্তর না দেয়া থাকলেও আমরা বিশ্বাস করি আপনারা পরিপূর্ণ আত্মবিশ্বাসের সাথেই সঠিক উত্তরে বৃত্ত ভরাট করতে পারবেন।]

## ৩.১ (গ) জাতিসংঘের মহাসচিব

### বিগত বছরের BCS প্রিলি পরীক্ষার প্রশ্ন

০১। জাতিসংঘের প্রথম মহাসচিব কে ছিলেন? [২৬তম ও ১০তম বিসিএস]
(ক) কুর্ট ওয়াল্ডহেইম (খ) পেরেজ দ্য কুয়েলার (গ) ট্রিগভেলি (ঘ) উ থান্ট

০২। কফি আনান আফ্রিকা মহাদেশ থেকে নিয়োগকৃত জাতিসংঘের কততম মহাসচিব? [২৬তম বিসিএস]
(ক) প্রথম (খ) তৃতীয় (গ) দ্বিতীয় (ঘ) চতুর্থ

০৩। বর্তমানে জাতিসংঘের মহাসচিব কোন দেশের নাগরিক? [২৫তম বিসিএস]
(ক) গিনি (খ) ঘানা (গ) সেনেগাল (ঘ) মরক্কো
[ব্যাখ্যা: বর্তমান জাতিসংঘের মহাসচিব অ্যান্তোনিও গুতেরেস। তিনি পর্তুগালের নাগরিক]

০৪। জাতিসংঘের কোন মহাসচিব বিমান দুর্ঘটনায় মারা যায়? [১৮তম বিসিএস]
(ক) ট্রিগভেলি (খ) কুর্ট ওয়াল্ডহেইম (গ) দ্যাগ হ্যামারশোল্ড (ঘ) উ থান্ট

**উত্তরমালা**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | গ | ০২ | গ | ০৩ | – | ০৪ | গ |

| | |
|---|---|
| জাতিসংঘ মহাসচিব | ▪ জাতিসংঘের মহাসচিব নিযুক্ত হন- নিরাপত্তা পরিষদের সুপারিশক্রমে ও সাধারণ পরিষদের দুই-তৃতীয়াংশ সদস্যদের ভোটে।<br>▪ মহাসচিবের মেয়াদ ৫ বছর। ভারপ্রাপ্ত মহাসচিব হিসেবে প্রথম দায়িত্ব পালন করেন ব্রিটেনের লর্ড গ্ল্যাডউইন (২ ফেব্রুয়ারি ১৯৪৬ সাল পর্যন্ত)। তারপর থেকে আনুষ্ঠানিক নির্বাচনের মাধ্যমে মহাসচিব নির্বাচিত হয়। এ পর্যন্ত ৯ জন মহাসচিব নির্বাচিত হয়েছেন। |

| ক্রম | নাম ও সময়কাল | পরিচিতি | ক্রম | নাম ও সময়কাল | পরিচিতি |
|---|---|---|---|---|---|
| ০১ |  ট্রিগভ্যালি (১৯৪৬ – ৫২) | ▪ নির্বাচিত ১ম মহাসচিব।<br>▪ তিনি নরওয়ের নাগরিক।<br>▪ স্ক্যান্ডিনেভিয়ান দেশ থেকে নির্বাচিত ১ম মহাসচিব। | ০২ |  দ্যাগ হেমারশোল্ড (১৯৫৩ –১৯৬১) | ▪ সুইডেনের নাগরিক।<br>▪ ১৯৬১ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন।<br>▪ ১৯৬১ সালে জাম্বিয়াতে বিমান দুর্ঘটনায় মারা যান। |
| ০৩ |  উ থান্ট (১৯৬১ – ১৯৭১) | ▪ এশিয়া থেকে নির্বাচিত ১ম মহাসচিব।<br>▪ মিয়ানমারের নাগরিক।<br>▪ বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় তিনি মহাসচিব ছিলেন। | ০৪ |  কুর্ট ওয়াল্ডহেইম (১৯৭২ – ১৯৮১) | ▪ তিনি অস্ট্রিয়ান কূটনীতিবিদ।<br>▪ ১৯৮২ – ১৯৮৬ পর্যন্ত অস্ট্রিয়ার প্রেসিডেন্ট ছিলেন।<br>▪ বাংলাদেশ সফরকারী ১ম মহাসচিব। |

